# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 07 April, 2025

ইসরায়েলি হামলায় গুরুতর আহত আরেক সাংবাদিক আহমেদ মানসুর মারা গেছেন। গতকাল সোমবার আল নাসের হাসপাতালের কাছে সাংবাদিকদের তাঁবুতে ইসরায়েলি বোমা হামলায় গুরুতর দগ্ধ হয়েছিলেন তিনি। ফিলিস্তিনের স্থানীয় সংবাদমাধ্যম 'প্যালেস্টাইন টুডে'-এর সাংবাদিক ছিলেন আহমেদ মানসুর।

গতকাল সোমবার সাংবাদিকদের তাঁবু লক্ষ্য করে বোমা হামলা করে ইসরায়েল। এতে তাঁবুতে আগুন ধরে যায়। এ সময় ভেতরেই ছিলেন মানসুর। তিনি মারাত্মকভাবে দগ্ধ হন। এরপর নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসকেরা বলেছিলেন, মানসুরের বাঁচার সম্ভাবনা খুব ক্ষীণ।

সোমবার সাংবাদিকদের তাঁবুতে চালানো ওই হামলায় আরও দুজন নিহত হন। যাদের মধ্যে একজন প্যালেস্টাইন টুডের আরেক সাংবাদিক আল ফাকাওয়ি। নিহত অন্যজন ইউসুফ খাজানদার। গত রোববারও ইসলাম মাকদাদ নামে এক সাংবাদিকের মৃত্যু হয়েছে ইসরায়েলি হামলায়। এর আগে গত মাসে ইসরায়েলি হামলায় নিহত হন আল-জাজিরার সাংবাদিক হোসেন শাবাত।

২০২৩ সালের ৭ অক্টোবর গাজায় সর্বাত্মক অভিযান শুরুর পর থেকেই গণমাধ্যমকর্মীরা ইসরায়েলি হামলার লক্ষ্যবস্তু হয়ে আসছেন। হামাস-ইসরায়েল সংঘাতের শুরু থেকে এ পর্যন্ত ইসরায়েলি হামলায় নিহত হয়েছেন ২৩২ সাংবাদিক। যুক্তরাষ্ট্রভিত্তিক থিংক ট্যাংক ওয়াটসন ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্সের এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। অর্থাৎ, প্রতি সপ্তাহে গড়ে ১৩ জন করে সাংবাদিককে হত্যা করেছে ইসরায়েলি সেনাবাহিনী আইডিএফ।

আল-জাজিরার তথ্যমতে, ওয়াটসন ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্সের প্রতিবেদন প্রকাশের এক সপ্তাহের মধ্যেই আইডিএফের হামলায় নিহত হয়েছে আরও দুই সাংবাদিক।

সাংবাদিক ও লেখক অ্যান্টনি লোয়েনস্টাইন আল-জাজিরাকে বলেন, গাজায় যত সাংবাদিক নিহত হয়েছেন, তা গত ১০০ বছরে বিশ্বের সব যুদ্ধ মিলিয়ে নিহত সাংবাদিকের সংখ্যাকেও ছাড়িয়ে গেছে। তিনি এই তথ্যের উৎস হিসেবে ব্রাউন ইউনিভার্সিটির 'কস্ট অব ওয়ার' প্রকল্পের একটি গবেষণার কথা উল্লেখ করেন।

তিনি আরও বলেন, ইসরায়েল যে সাংবাদিকদের উদ্দেশ্যপ্রণোদিতভাবে লক্ষ্যবস্তু বানায় তারই প্রমাণ এই পরিসংখ্যান। লোয়েনস্টাইনের অভিযোগ, চীন, রাশিয়া বা ইরান সাংবাদিকদের আক্রমণ করলে পশ্চিমা দেশগুলোর অনেক বেশি তৎপরতা দেখা যায়। কিন্তু যখন ইসরায়েল একই কাজ করে, তখন সেই আগ্রহ ও প্রতিক্রিয়া দেখা যায় না।

গাজা উপত্যকা যুদ্ধ গণমাধ্যম আরব বিশ্ব সাংবাদিক ফিলিস্তিন ইসরায়েল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:52

URL: https://www.timestodaybd.com/international/472949097